# হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩২২৩

২৭/ আদব

পরিচ্ছেদঃ সফর থেকে বাড়ি ফিরার সময় এবং নিজ গ্রাম বা শহর দেখার সময় দু'আ

## আরবী

وَعَنْ أَنَسٍ قَالَ : أَقْبَلْنَا مَعَ النَّبِيِّ ﷺ حَتّٰى إِذَا كُنَّا بِظَهْرِ الْمَدِينَةِ قَالَ آيِبُونَ تَائِبُونَ، عَابِدُونَ لِرَبِّنَا حَامِدُونَ فَلَمْ يَزَلْ يَقُولُ ذَلِكَ حَتّٰى قَدِمْنَا الْمَدِينَةَ رواه مسلم

## বাংলা

এ বিষয়ে বিগত ইবনে উমার কর্তৃক বর্ণিত সফরের দু’আর হাদীসটি উল্লেখযোগ্য।

---

(৩২২৩)আনাস (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, একদা আমরা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সঙ্গে সফর থেকে ফিরে এলাম। পরিশেষে যখন মদীনার উপকণ্ঠে এসে উপনীত হলাম, তখন তিনি এই দু’আ পড়লেন, ’আ-ইবূনা, তা-ইবূনা, আ-বিদূনা, লিরাব্বিনা হা-মিদূন। (অর্থাৎ, আমরা সফর থেকে প্রত্যাগমনকারী, তওবাকারী, উপাসনাকারী, আমাদের প্রভুর প্রশংসাকারী।) মদীনায় আগমন না করা পর্যন্ত তিনি এ দু’আ অনবরত পড়তে থাকলেন।

## ফুটনোট

(মুসলিম ৩৩৪৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=66971

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন